I 06809 15

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

एक हजार रुपये ONE THOUSAND RUPEES

रु.1000 Rs.1000

सत्यमेव जयते

INDIA

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL

B 170856

Admissible under Rule-21 and also ... of the West Bengal ... 1936 duty stamped ... Relied from Stamp ... under the Indian Stamp Act 1899 as ... Schedule ... Excess Fees ... Paid in C.F.

Addl. District Sub-Registrar, Behala, South 24-Parganas



মং ৩৪,৬৫০ (চৌত্রিশ হাজার ছয়শত পঞ্চাশ) টাকা

পণমূল্যে নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা দলিল

কোবালা গ্রহীতা ঃ পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ

পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক গঠিত একটি বিধিবদ্ধ সংস্থা, ১০৫, এস.এন. ব্যানার্জী রোড থানা-তালতলা, কোলকাতা-৭০০০১৪

Certified that the document is admitted to registration. The Signature sheet and the endorsement sheets attached with this document are the part of this document.

Addl. District Sub-Registrar
Behala, South 24 Parganas

পৃষ্ঠা নং....২

পৃষ্ঠা নং....৫

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

एक हजार रुपये ONE THOUSAND RUPEES

रु.1000 Rs.1000

सत्यमेव जयते

पश्চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL

B 170857



<u>কোবালা দাতা</u> ঃ <u>শ্রী ফটিক হালদার</u>

পিতা- মৃত মন্মথ হালদার, জাতি-হিন্দু, পেশা-ব্যবসা, সাকিন- জোত শিবরামপুর, থানা-মহেশতলা, জেলা-দক্ষিণ২৪ পরগণা।

পৃষ্ঠা নং....৩

भारतीय गैर न्यायिक

एक सौ रुपये Rs. 100

रु. 100 ONE HUNDRED RUPEES

सत्यमेव जयते

भारत INDIA

INDIA NON JUDICIAL

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL

C 214182



কস্য শুভ সাফ বিক্রয় কোবালা পত্র মিদং কার্য্যাঞ্চাগে ঃ

জেলা-দক্ষিণ ২৪ পরগণা, থানা-মহেশতলা, সাব রেজেস্ট্রী অফিস-বেহালা, হাল মহেশতলা মিউনিসিপ্যালিটির এলাকাধীন, অত্র জেলা কালেক্টরীর ৬৫ নং তৌজি ভূক্ত, রে. সা. নং-৭৫ ৩/৪, জে. এল. নং ২৫, মৌজা-চক যোত শিবরামপুর গ্রামে পরগণা - বালিয়া, সাবেক ও হাল রিভিসন্যাল সেটেলমেন্ট জরিপের ১৪৪নং খতিয়ান ভূক্ত মোট .৬৫ শতক জমি হাল ৪নং বিধিমতে রায়ত

পৃষ্ঠা নং....৪

পৃষ্ঠা নং....৫

Government Of West Bengal
Office of the A. D. S. R. BEHALA
BEHALA
Endorsement For deed Number : I-06809 of :2008
(Serial No. 05325, 2007)

**On 05/06/2007**

**Payment of Fees:**

Fee Paid in rupees under article : A(1) = 374/- ,E = 7/- on:05/06/2007

**Presentation(Under Section 52 & Rule 22A(3) 46(1))**

Presented for registration at 11.34 hrs on :05/06/2007,at the Office of the A. D. S. R. BEHALA by Fatik Halder,Executant.

**Admission of Execution(Under Section 58)**

Execution is admitted on 05/06/2007 by

1. Sri Fatik Halder, son of Lt. Mammatha Halder ,Vill. - Jote Shibrampur 24 Pgs. (s) ,Thana Maheshtala, By caste Hindu,by Profession :Business

identified By Manoj Halder, son of Fatik Halder Vill. & P. O. - Jote Shibrampur 24 Pgs. (s) Thana: Maheshtala, by caste Hindu,By Profession :Cultivation.

Name of the Registering officer :Santi Kumar RoyChowdhury
Designation :ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR OF BEHALA

**On 19/06/2008**

**Certificate of Admissibility(Rule 43)**

Admissible under rule 21 of West Bengal Registration Rule, 1962 duly stamped under schedule 1A Article number :23,4 of Indian Stamp Act 1899. also under section 5 of West Bengal Land Reforms Act, 1955; Court fee stamp paid Rs. 10.00/-

**Certificate of Market Value(WB PUVI rules 1999)**

Certified that the market value of this property which is the subject matter of the deed has been assessed at Rs- 150000/-

Certified that the required stamp duty of this document is Rs 9010 /- and the Stamp duty paid as: Impresive Rs- 2100

**Deficit stamp duty**

374
7
2100
7000
1265
10,746
Paid

[Santi Kumar RoyChowdhury]
ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR OF BEHALA
OFFICE OF THE ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR OF BEHALA
Govt. of West Bengal



10650

Government Of West Bengal
Office of the A. D. S. R. BEHALA
BEHALA
**Endorsement For deed Number ;I-06809 of :2008**
**(Serial No. 05325, 2007)**

---

Deficit stamp duty Rs 7000/- is paid, by the draft number 072114, Draft Date 24/04/2008 Bank Name STATE BANK OF INDIA, Park Circus Kolkata, recieved on :19/06/2008.

**Deficit Fees paid**

Deficit amount of Registration fees is realized under Article in rupees : A(1) = 1265/- on: 19/06/2008.

Name of the Registering officer :**Santi Kumar RoyChowdhury**
**Designation :ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR OF BEHALA**

[Santi Kumar RoyChowdhury]
ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR OF BEHALA
OFFICE OF THE ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR OF BEHALA
Govt. of West Bengal

---

*ertificate of Registration under section 60 and Rule 69.*

Registered in Book - I
CD Volume number 18
Page from 293 to 312
being No 06809 for the year 2008.


(Santi Kumar RoyChowdhury) 19-June-2008
ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR OF BEHALA
Office of the A. D. S. R. BEHALA
West Bengal

N SHOWING IN R.S. DAG NO. 589 (PART) UNDER KH. NO.
. KHATIAN NO. AT MOUZA-CHAK JOT SHIBRAMPUR
.L. NO. 25 WARD NO. 14 IN MAHESHTALA MUNICIPALITY
P.S. MAHESHTALA DISTRICT SOUTH 24-PARGANAS.

SCALE 1" = 50'-0"

NAME OF PURCHASER
WEST BENGAL HOUSING BOARD (ABASAN)
105 S. N. BANERJEE ROAD
KOLKATA-700014.

SOLD AREA = 1 KA. 2 CH. 22 Sft.
MORE OR LESS
SHOWN IN RED




DRAWN BY:-
A.K. MAITY
SURVEY OFFICE
JAGTALA (BATA MORE)
MAHESHTALA
SOUTH 24-PARGANAS.

SIG. OF VENDORS.

দখলি স্বত্ব বিশিষ্ট স্বত্বের ৫৮৯ নং দাগের .৩৫ শতক জমি জমা সহ অন্যান্য জমি জোতশিবরামপুর নিবাসী শ্রী ভুপতি নস্করের ওয়ারিশান সুত্রে প্রাপ্ত স্বত্ব দখলিয় সম্পত্তি থাকাবস্থায় তিনি উক্ত সমুদায় সম্পত্তি এককেতা সাফ বিক্রয় কোবালা দলিল মূলে শিবরামপুর নিবাসী পুর্ন চন্দ্র হালদার মহাশয়কে বিক্রয় করিয়া নিঃস্বত্ব দখলিচ্যুত হয়েন। অতঃপর উক্ত পুর্ন চন্দ্র হালদার খরিদা সুত্রে প্রাপ্ত হইয়া ভোগবান ও দখলিকার থাকাবস্থায় তাহার নগদ টাকার বিশেষ আবশ্যক হওয়ায় উক্ত জমি বিক্রয় করার ঘোষনা করিলে অত্র কোবালা দাতা আমার পুর্বাধিকারী শ্রী ফটিক চন্দ্র মাঝি সাং মামুদপুর বিগত ইং ২৭/০১/১৯৭০ তারিখে এককেতা রেজিস্ট্রীকৃত সাফ বিক্রয় কোবালা দলিল (যাহার বুক নং-১, ভল্যুম নং-১৩, পৃষ্ঠা নং-১১৯ হইতে ১২১, দলিল নং-২৯০, এস. আর বেহালা অফিস) মূলে উক্ত পুর্ন চন্দ্র হালদারের নিকট হইতে খরিদ করিয়া মালিক ও দখলিকার থাকাবস্থায় উক্ত ৫৮৯ নং দাগের .৩৭ শতক শালি জমি মধ্যে .২৫ শতক শালি জমি বিক্রয়ের সোহরত করিলে অত্র কোবালা দাতা আমার পুর্বাধিকারী শ্রী ফটিক হালদার, পিতা মৃত মন্মথ নাথ হালদার সং জোতশিবরামপুর থানা-মহেশতলা, জেলা-দক্ষিন ২৪ পরগণা, বিগত ইং ২২/১১/১৯৭১ তারিখে এককেতা রেজিস্ট্রীকৃত সাফ বিকরয় কোবালা দলিল (যাহার বুক নং-১, ভল্যুম নং-৪৯, পৃষ্ঠা ১৭২ হইতে ১৭৫, দলিল নং ৩২২০, এস. আর বেহালা অফিস) মূলে কমবেশ ১৫ কাঠা এবং ঐ দাতার নিকট হইতে বিগত ইং ১৯/১২/১৯৭২ তারিখে অপর এককেতা রেজিস্ট্রীকৃত সাফ বিক্রয় কোবালা দলিল (যাহার বুক নং-১, ভল্যুম নং-৬৯, পৃষ্ঠা ২২১ হইতে ২২৪, দলিল নং ৪৪২০, এস. আর বেহালা অফিস) মূলে উক্ত দাগের কমবেশ ৬ কাঠা শালি জমি খরিদ করেন। একুনে উভয় দলিল মূলে মোট কমবেশ . ৩৫ শতক বা ১ বিঘা

পৃষ্ঠা নং....৫

১কাঠা শালি জমি খরিদ করিয়া উহাতে মালিক দখলিকার থাকাবস্থায় ক্ষুদ্র ক্ষুদ্র প্লটে বিভক্ত করিয়া বিক্রয়ের ঘোষনা করিলে উক্ত জমির মধ্যে ২ (দুই) কাঠা শালি জমি জমা বিগত এং ২৩/০৪/১৯৯৩ তারিখে এস. আর বেহালা অফিসে রেজিস্ট্রীকৃত এককেতা সাফ বিক্রয় কোবালা দলিল যাহার বুক নং-১, দলিল নং ২৪৬৩, মূলে তৎকালীন সর্ব্বোচ্চ পন মূল্যে উক্ত ফটিক হালদারের নিকট হইতে খরিদ করিয়া কালকেটারী ও বি. এল. এ্যান্ড এল. আর. অফিসে ২০৮/৯৪ নং মিউটেশান করাইয়া নিজ নাম পত্তন পূর্বক ধার্যকৃত খাজনা ও ট্যাকসাদি আদায় দিয়া খাসে অন্যের নিরাংশে নিব্যুঢ় স্বত্বে চাষাবাদের দ্বারা মালিক দখলিকার হইতেছি বা আছি।

অতঃপর আমি অত্র কোবালা দাতা সমূহ ১ (এক) বিঘা ১ (এক) কাঠা শালি জমি খরিদ করিয়া তাহাতে ভোগবান ও দখলিকার থাকাবস্থায় নানবিধ বৈধ কারনে নগদ অর্থের প্রয়োজন হওয়ায় উক্ত ১ (এক) বিঘা ১ (এক) কাঠা শালি জমি জমা বিক্রয়ের ঘোষনা করিলে সাকিন ১২ নং চেতলা রোড, থানা-নিউ আলিপুর, কলিকাতা-৭০০ ০২৭ নিবাসী জনৈক শ্রী রতন জানা, পিতা-মৃত বসন্ত কুমার জানা, তৎকালীন বাজারোচিত সর্ব্বোচ্চ পণ মূল্যে বিগত ইংরাজী ২৩শে এপ্রিল ১৯৯৩ তারিখে এস. আর বেহালা অফিসে রেজিস্ট্রীকৃত এককেতা সাফ বিক্রয় কোবালা দলিল যাহার বুক নং১, দলিল নং-২৪৬৪ মূলে বিক্রয় করিয়া নিঃস্বত্ব দখলীচ্যুত হইলাম।

আরও উল্লেখ থাকে যে আমি অত্র কোবালা দাতা আমার অবশিষ্ট শালি জমিজমাতে ভোগবান ও দখলিকার থাকাবস্থায় নানবিধ বৈধ

পৃষ্ঠা নং....৬

কারনে নগদ অর্থের প্রয়োজন হওয়ায় অপর একটি ১ (এক) কাঠা ৯ (নয়) ছটাক শালি জমি জমা বিক্রয়ের ঘোষনা করিলে সাকিন - যোতশিবরামপুর, থানা -মহেশতলা, জেলা দক্ষিন ২৪ পরগনা নিবাসী জনৈক শ্রী অলোক হালদার, পিতা শ্রী ধনঞ্জয় হালদার, তৎকালীন বাজারোচিত সর্ব্বোচ্চ পণ মূল্যে বিগত ইংরাজী ৩০/০৭/১৯৯৩ তারিখে এস. আর বেহালা অফিসে রেজিস্ট্রীকৃত এককেতা সাফ বিক্রয় কোবালা দলিল যাহার বুক নং১, ভল্যুম নং-৮৫, ২০৯ নং পৃষ্ঠা হইতে ২১৮ নং পৃষ্ঠা, দলিল নং-৪৪৭৪ মূলে বিক্রয় করিয়া নিঃস্বত্ব দখলীচ্যুত হইলাম।

অতঃপর আরও উল্লেখ থাকে যে আমি অত্র কোবালা দাতা আমার অবশিষ্ট শালি জমিজমাতে ভোগবান ও দখলিকার থাকাবস্থায় নানবিধ বৈধ কারনে নগদ অর্থের প্রয়োজন হওয়ায় অপর একটি ১ (এক) কাঠা ৮ (আট) ছটাক শালি জমি ক্ষুদ্র ক্ষুদ্র প্লটে বিভক্ত করিয়া বিক্রয়ের ঘোষনা করিলে ১৭৫ নং বেচারাম চ্যাটার্জি রোডস্থিত জনৈকা শ্রীমতী ইন্দ্রানী মুখার্জ্জী, স্বামী শ্রী পার্থ মুখার্জ্জী ২ (দুই) কাঠা পরিমান শালি জমি জমা তৎকালীন বাজারোচিত সর্ব্বোচ্চ পণ মূল্যে বিগত ইংরাজী ২২/০৫/১৯৯৭ তারিখে এস. আর বেহালা অফিসে রেজিস্ট্রীকৃত এককেতা সাফ বিক্রয় কোবালা দলিল যাহার বুক নং১, দলিল নং ২৭২৭, মূলে বিক্রয় করিয়া নিঃস্বত্ব দখলীচ্যুত হইলাম।

আরও উল্লেখ থাকে যে আমি অত্র কোবালা দাতা আমার খরিদা অবশিষ্ট শালি জমিতে ভোগবান ও দখলিকার থাকাবস্থায় অপর একটি ১ (এক) কাঠা ৮ (আট) ছটাক ৩৫ (পয়ত্রিশ) বর্গফুট শালি জমি জমা ও তাহার উত্তর দিক দিয়া ৮ ফুট প্রশস্ত যাতায়াতের পথের সব্ববিধ

পৃষ্ঠা নং.... ৭

ইজমেন্ট স্বত্বাদি বিক্রয়ের ঘোষনা করিলে সাকিন জোতশিবরামপুর, থানা-মহেশতলা, জেলা দক্ষিন ২৪ পরগনা নিবাসিনী জনৈকা শ্রীমতী মানসী দাস, স্বামী শ্রী প্রবীর দাস, তৎকালীন বাজারোচিত সর্ব্বোচ্চ পণ মূল্যে বিগত ইংরাজী ৩০।০৭।১৯৯৮ তারিখে এস. আর বেহালা অফিসে রেজিস্ট্রীকৃত এককেতা সাফ বিক্রয় কোবালা দলিল যাহার বুক নং-১, দলিল নং-৩৬৬৯ মুলে বিক্রয় করিয়া নিঃস্বত্ব দখলীচ্যুত হইলাম।

তৎপরে আমি অত্র কোবালা দাতা আমার অবশিষ্ট জমিজমাতে ভোগবান ও দখলিকার থাকাবস্থায় অপর একটি ২ (দুই) কাঠা ৮ (আট) ছটাক পরিমান শালি জমিজমা বিক্রয়ের ঘোষনা করিলে সাকিন ৪২/এ, বীরেন রায় রোড (পশ্চিম), থানা-ঠাকুরপুকুর, কোলকাতা-৭০০ ০০৮ নিবাসিনী জনৈকা শ্রীমতী অনিতা মন্ডল, স্বামী শ্রী বাবলু মন্ডল তৎকালীন বাজারোচিত সর্ব্বোচ্চ পণ মূল্যে বিগত ইংরাজী ২০।০৬।২০০২ তারিখে এস. আর বেহালা অফিসে রেজিস্ট্রীকৃত এককেতা সাফ বিক্রয় কোবালা দলিল যাহার বুক নং-১, দলিল নং ০৩০০২ মূলে বিক্রয় করিয়া নিঃস্বত্ব দখলীচ্যুত হইলাম।

এক্ষনে নানাবিধ বৈধ ও সঙ্গত কারনে নগদ অর্থের প্রয়োজন হওয়ায় উক্ত মৌজা চক যোত শিবরামপুর গ্রামে রায়ত দখলী স্বত্বীয় হাল রিভিসন্যাল জরীপের হাল খতিয়ান নং ১৪৪ হাল দাগ নং ৫৮৯ এর স্থানীয় বাংলা মাপে কমবেশ ১ কাঠা ২ ছটাক ২২ বর্গফুট শালি জমি জমা হইতেছে তাহা আমি অত্র কোবালা দাতার আবেদনের ভিত্তিতে হাউসিং বোর্ড বিবেচনা করিলে আমি অত্র কোবালা দাতা বিক্রয় করিতে সম্মত.

পৃষ্ঠা নং....৮

হইলে পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদের পক্ষে বেঙ্গল গ্রীন ফিল্ড হাউসিং ডেভলপমেন্ট লিমিটেড (পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদের একটি যৌথ উদ্যোগ সংস্থা) কর্ত্তৃক প্রদত্ত সর্ব্বোচ্চ বাজার দরে/পনমূল্যে ৩৪,৬৫০. (চৌত্রিশ হাজার ছয়শত পঞ্চাশ) টাকা প্রদান করিতে সম্মত হইলে অদ্য তারিখে নিম্ন জায়মত পণ মূল্যের সমূহ টাকা এককালীন বুঝিয়া পাইয়া প্রাপ্তি স্বীকারে নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি যাহার পরিমান কমবেশী ১ কাঠা ২ ছটাক ২২ বর্গফুট শালি জমিজমা অত্র সাফ বিক্রয় কোবালা দলিল মূলে পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ কে বিক্রয় করিয়া বিক্রীত সম্পত্তি রীতিমত সরেজমিনে মাপ সুরত সীমানা সহরত পূর্ব্বক আপনাদেরকে উহার যথারীতি খাস দখল দিয়া উহার দখল আপনাদের অনুকুলে পরিত্যাগ পূর্ব্বক চিরকালের জন্য নিঃস্বত্ব ও দখলীচ্যুত হইলাম এবং পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদকে বিক্রীত সমুদায় ভূম্যাদিতে মালিকী স্বত্বে খাস দখল দিলাম। পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ অদ্য হইতে বিক্রীত সম্পত্তিতে আমার যাবতীয় স্বত্বে স্বত্ববান, মালিক দখলীকার হইয়া জেলা কালেক্টরীতে আমার নামের পরিবর্তে পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ নিজ নাম পত্তনক্রমে খাজনাদি প্রদান পূর্বক বিক্রয়, বিলি, বন্টন পত্তনাদি সর্ব্বপ্রকার হস্তান্তর ও ইমারতাদি নির্মানের স্বত্বাধিকারের সর্ব্ববিধ রূপান্তর করনের ক্ষমতা যুক্তে যদৃচ্ছামত ওয়ারিশানগণ, উত্তরাধিকারী, স্থলাভিষিক্তগণক্রমে পরম সুখে নিব্যূঢ় স্বত্বে ভোগদখল করিতে থাকুন। বিক্রীত সম্পত্তিতে আমার যাহা কিছু স্বত্ব, লভ্য সম্পর্কাদি ছিল ও আছে তাহা অদ্য হইতে চিরতরে রদ, রহিত, বিলুপ্ত হইয়া পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ প্রতি নিব্যূঢ় স্বত্বে বর্তাইল ও অর্পিল । যদি আমি কিংবা আমার কোন ওয়ারিশান অত্র বিক্রীত সম্পত্তিতে কোনপ্রকার দাবী দাওয়া, ওজর আপত্তি করি কিংবা করে তাহা সর্ব্বপ্রকার আদালতে সর্বতোভাবে বাতিল

ও অগ্রাহ্য হইবে। বিক্রীত সম্পত্তি আমি ইতি পূর্বে অন্য কাহারও নিকট কোনপ্রকার দান, বিক্রয়, বিলি পাওনাদি দ্বারা হস্তান্তরের চুক্তি বা দায়বদ্ধ করি নাই, বিক্রীত সম্পত্তির উপর কোন চার্জ বা বিক্রীত সম্পত্তি কোনরূপ বকেয়া খাজনার দায়ে বা অন্য কোনকারণে কোন অফিস আদালতে কর্তৃক নীলাম বিক্রয় হয় নাই কিংবা বিক্রীত সম্পত্তি কোন দেবোত্তর বা ট্রাষ্টভুক্ত সম্পত্তি নহে। অথবা বিক্রীত সম্পত্তি কোন জনহিতকর কাজের জন্য সরকার বা পঞ্চায়েত বা কলিকাতা মেট্রোপলিটান ডেভলপমেন্ট অথরিটি বা কলিকাতা ইমপ্রুভমেন্ট ট্রাষ্ট বা অন্য সরকারী সংস্থা কর্তৃক অ্যাকুইজিশান বা রিকুইজিশান হয় নাই। অথবা বিক্রীত সম্পত্তি কাহারও খোরপোষের দায়ে বা কোন ব্যাঙ্কের দেনার দায়ে কোন আদালত কর্তৃক ক্রোকবদ্ধ হয় নাই বা উহার কোনপ্রকার ইনজাংশান জারী হয় নাই। বিক্রীত সম্পত্তি কাহাকেও বেনাম করি নাই বা উহা গর্ভণমেন্ট বা কোন যৌথ কোম্পানী কর্তৃক অ্যাকুইজিশান বা রিকুইজিশান হয় নাই। সম্পূর্ন নির্দ্দায় ও নির্দ্দোষ ও মুক্ত অবস্থায় আমার বিক্রয় যোগ্য উত্তম স্বত্বাধিকারী ও খাস দখল থাকাকালীন আপনাদের নিকট বিক্রয় করিলাম। আপনারা কোবালা গ্রহিতা অর্থাৎ পশ্চিমবঙ্গ আবাসন পর্ষদ উক্ত সম্পত্তি ক্রয় করিবার পূর্বে সর্ব্বপ্রকার সার্চাদি করিয়া লইয়াছেন। তবুও ভবিষ্যতে আমার উক্তির বৈপরিত্য ঘটিয়া থাকিলে বা আমার শঠতা তঞ্চকতা প্রকাশ হইয়া থাকিলে বা আমার স্বত্ব দখলের কোন গোলযোগ হেতু আপনাদের খরিদা স্বত্ব স্বার্থ বা দখলের কোনপ্রকার ক্ষতি হইলে আমি সম্পূর্ন দায়ী দন্ডনীয় হইব এবং আইনতঃ ক্ষতি পূরণ সহ পণ মূল্যের সমুদায় টাকা এককালীন ফেরৎ দিতে ওয়ারিশানগণক্রমে বাধ্য ও সম্মত রহিলাম।

অত্র বিক্রীত সম্পত্তি সংক্রান্ত কাগজপত্র যাহা বর্তমানে আমার নিকট আছে তাহা সমূদয়ই আপনাদেরকে প্রদান করিলাম। ভবিষ্যতে তল্লাসমতে যদি আর কিছু কাগজপত্র পাওয়া যায় তাহাও আপনাদেরকে ওয়ারিশানগণক্রমে দিতে বাধ্য রহিলাম।

আরো প্রকাশ থাকে যে, অত্র দলিলে ভবিষ্যতে যদি কোন ভুল ত্রুটি দৃষ্ট হয় বা থাকা প্রকাশ পায় তাহা হইলে আমি অত্র দলিলের কোবালা দাতা ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণক্রমে আপনাদের খরচায় উক্ত ত্রুটি সংশোধন করিয়া দিতে বাধ্য থাকিলাম এবং থাকিবেক।

অত্র দলিল সংলগ্ন নক্সায় লাল রং এ রঞ্জিত অংশ বিক্রীত সম্পত্তি হইতেছে যাহা নিম্ন তপশীলে বিশদভাবে বর্ণিত আছে। উক্ত সম্পত্তির সংলগ্ন কমন প্যাসেজ দিয়া যাতায়াতের রাস্তা আপনাদের সর্ববিধ ব্যবহারের জন্য রহিল এবং উক্ত রাস্তার উপর দিয়া যাতায়াত, ভারা বাঁধা মন্ডপ নির্মান এবং উপর দিয়া বা নীচ দিয়া বিদ্যুৎ স্তম্ভ নির্মান প্রভৃতি করিতে পারিবেন তাহাতে আমি বা আমার কোন ওয়ারিশানগণের কাহারও কোন ওজর আপত্তি চলিবে না।

এতদর্থে সুস্থ শরীরে, সরল অন্তঃকরনে অন্যের বিনা প্ররোচনায় ও বিনা অনুরোধে পণের টাকা স্বাক্ষীগণের সম্মুখে গ্রহনকরতঃ এবং অত্র দলিলের বিষয়বস্তু সম্পূর্নরূপে অবগত হইয়া স্বেচ্ছায় উহাতে নিজ নাম দস্তখত করিলাম এবং রেজিস্ট্রী করিয়া দিলাম। ইতি তারিখ ইংরাজী ২০০৭ সালের ০৫ই জুন, মোতাবেক বাংলা ১৪১৪ সনের ২১শে জৈষ্ঠ।

পৃষ্ঠা নং....১১

**ঃ তপশীল বর্ণিত সম্পত্তির চৌহদ্দি ঃ**

জেলা-দক্ষিণ ২৪ পরগণা, থানা-মহেশতলার, এ্যাডিসন্যাল ডিস্ট্রীক্ট সাব রেজেস্ট্রী অফিস-বেহালা, হাল মহেশতলা মিউনিসিপ্যালিটির এলাকাধীন, অত্র জেলা কালেক্টরীর ৬৫ নং তৌজি ভূক্ত, রে. সা. নং-৭৫ ৩/৪, জে. এল. নং ২৫, মৌজা-চক্ যোত শিবরামপুর গ্রামে পরগণা -বালিয়া, সাবেক ও হাল রিভিসন্যাল সেটেলমেন্ট জরিপের ১৪৪নং খতিয়ান ভূক্ত ৫৮৯ নং দাগের জমি জমা মধ্যে আমার খরিদা সমূহ সম্পত্তির মধ্যে স্থানীয় পরিমাপে কমবেশ ১ কাঠা ২ ছটাক ২২ বর্গফুট শালি জমি মায় তৎসংলগ্ন যাবতীয় ইজমেন্ট স্বত্বাদি যথা উহার উপর ও তলদেশ দিয়া ইলেকট্রিক লাইন, টেলিফোনের তার, জলের পাইপ, গ্যাস পাইপ, ড্রেন, আন্ডার ড্রেন ইত্যাদি আনায়ন করিবার স্বাত্বাধিকার সহ দরবস্তু হক হকুক উহাই অত্র দলিলের বিক্রয়কৃত সম্পত্তি হইতেছে। ইহার হারাহারী মতে বার্ষিক খাজনা ----- পয়সা বর্তামানে মালিক জমিদার পশ্চিমবঙ্গ সরকার পক্ষে জেলা-দক্ষিণ ২৪ পরগণা আলিপুর সাব ডিভিসন্যাল ল্যান্ড রিফর্ম অফিসার সদর সরকারে আদায় দিতে হয়।

**ঃ তপশীল বর্ণিত সম্পত্তির চৌহদ্দি ঃ**

অত্র বিক্রীত ১ কাঠা ২ ছটাক ২২ বর্গফুট শালি জমি জমা

| | | |
|---|---|---|
| উত্তর | ঃ | অত্র দাগের জমিজমা |
| দক্ষিণ | ঃ | আর. এস. ৫৯০ নং দাগের জমিজমা |
| পুর্ব | ঃ | আর. এস. ৫৮৯ /৭৮৭ নং দাগের জমিজমা |
| পশ্চিম | ঃ | আর. এস. ৫৮৯ নং দাগের জমিজমা |

পৃষ্ঠা নং....১২

| PHOTO | | Thumb | 1st finger | Middle Finger | Ring Finger | Small Finger |
|---|---|---|---|---|---|---|
| | left hand | | | | | |
| | right hand | | | | | |

Name ..............................

Signature ..............................

| PHOTO | | Thumb | 1st finger | Middle Finger | Ring Finger | Small Finger |
|---|---|---|---|---|---|---|
| | left hand | | | | | |
| | right hand | | | | | |



Name ..............................

Signature ..............................



[illegible]

[illegible]

| PHOTO | | Thumb | 1st finger | Middle Finger | Ring Finger | Small Finger |
|---|---|---|---|---|---|---|
| | left hand | | | | | |
| | right hand | | | | | |

Name ..............................

Signature ..............................

| PHOTO | | Thumb | 1st finger | Middle Finger | Ring Finger | Small Finger |
|---|---|---|---|---|---|---|
| | left hand | | | | | |
| | right hand | | | | | |

Name ..............................

Signature ..............................